



# ইয়ুথ কনজারভেশন কোর (ওয়াইসিসি)

কমিউনিটি পার্টনারশিপ টু স্ট্রেন্দেন সাস্টেইনেবল ডেভেলপমেন্ট (কম্প্যাস) প্রোগ্রাম

## আমরা যা করি

ইয়ুথ কনজারভেশন কোর (ওয়াইসিসি), ইউএসএইড'র "কম্প্যাস" প্রোগ্রামের অন্যতম প্রধান কার্যক্রম। এটি বাস্তুবায়ন করছে ইউএস ফরেস্ট সার্ভিস ইন্টারন্যাশনাল প্রোগ্রাম। ওয়াইসিসি তরুণদের জীবনমান উন্নয়নে প্রয়োজনীয় দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ প্রদান করে। একই সাথে তরুণদের প্রতিভা বিকাশ ও সমাজের দায়িত্বশীল সদস্য হিসেবে গড়ে তুলতে ওয়াইসিসি তাদেরকে পরিবেশ সংরক্ষণ ও দক্ষ নেতৃত্বের প্রশিক্ষণ প্রদান করে। পাঁচ মাস ব্যাপী আবাসিক প্রশিক্ষণে পরিবেশ সংরক্ষণে বাধ্যতামূলক কার্যক্রমের পাশাপাশি নির্দিষ্ট কারিগরি বিষয়ও অন্তর্ভুক্ত থাকে। প্রশিক্ষণ শেষে ওয়াইসিসি প্রশিক্ষার্থীরা স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানে শিক্ষানবীশ হিসেবে কাজের সুযোগ পায়।

মূলমন্ত্র: সংযোগ, শিক্ষণ, সেবা, নেতৃত্ব  
লক্ষ্য: সুদক্ষ, প্রাণবন্ত এবং উদ্যমী তরুণরা নিজ নিজ সমাজে পরিবেশ সংরক্ষণ এবং টেকসই জীবিকা নির্বাহে কাজ করবে।

মিশন: পরীক্ষামূলক শিক্ষণের মাধ্যমে দক্ষতা ও নেতৃত্বের বিকাশ ঘটিয়ে তরুণদের স্বাবলম্বী করা এবং পরিবেশ সংরক্ষণের কর্মী হিসেবে গড়ে তোলা।

## আমাদের উদ্দেশ্য



যুব নেতৃত্ব, পরিবেশ সংরক্ষণ এবং কারিগরি দক্ষতা উন্নয়নে পাঁচ মাসের আবাসিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সুবিধাবঞ্চিত এবং প্রান্তিক তরুণদের জীবনযাত্রা উন্নয়নে সক্ষমতা তৈরি করা



ইন্টার্নশিপের মাধ্যমে কর্মস্থানে বাস্তুব জীবনের অভিজ্ঞতা ও দক্ষতার বিকাশ ঘটানো



আত্মকর্মসংস্থান, ব্যবসায় ও নতুন উদ্যোগ তৈরিতে সক্ষম করে তোলা



পরিবেশ ও বন্যপ্রাণি সংরক্ষক হিসেবে গড়ে উঠতে উদ্বুদ্ধ করা



ওয়াইসিসি গ্র্যাজুয়েটদের সাথে স্থানীয় চাকুরিদাতা ও ব্যবসায়ীদের সংযোগ স্থাপন করা

## ওয়াইসিসি কর্মক্ষেত্র



## আমাদের কার্যক্রম

- ✓ পাঁচ মাসের আবাসিক প্রশিক্ষণ
- ✓ স্থানীয় স্বনামধন্য প্রতিষ্ঠানে এক মাসের ইন্টার্নশিপ
- ✓ গ্র্যাজুয়েশন পরবর্তী নেটওয়ার্কিং এবং পরামর্শ প্রদান
- ✓ কমিউনিটি অ্যাকশন প্রকল্প বাস্তুবায়নে পরামর্শ প্রদান



# ওয়াইসিসি প্রশিক্ষণার্থী কারা?



সুবিধাবঞ্চিত এবং প্রান্তিক  
তরুণ-তরুণী

১৮-২৪ বয়স ১৮ থেকে ২৪ বছরের মধ্যে



ইতোপূর্বে কোন ধরনের দক্ষতা  
উন্নয়ন প্রশিক্ষণে অংশ গ্রহণ করেনি

<২০,০০০

পারিবারিক আয় মাসে ২০ হাজার  
টাকার কম



উচ্চমাধ্যমিক শিক্ষা সম্পন্ন করতে  
পারেনি এবং স্কুল/কলেজ ড্রপআউট





নারী – পুরুষের সমান অংশগ্রহণ

## আমাদের সহযোগী সংস্থা



## আমাদের অর্জন



## আমাদের গ্র্যাজুয়েটদের গল্প



"আমি সবসময় মানুষের সামনে কথা বলতে ভয় পেতাম। আর এখন, আমি স্টেজে দাঁড়িয়ে শত শত মানুষের সামনে বক্তৃতা দিতে পারি। আমার কমিউনিটিতে পরিবেশ সংরক্ষণ কাজে আমি নেতৃত্বও প্রদান করছি।"

মাশৈ সাই মারনা ওয়াইসিসি প্রশিক্ষণের শুরুর দিনগুলিতে সবার সামনে কথা বলতে ভীষণ সংকোচ বোধ করতো এবং ভয় পেতো। প্রশিক্ষণ শেষে, সার্টিফিকেট নেয়ার সময় মঞ্চে দাঁড়িয়ে সেইদিনগুলির কথাই বলছিলো মাশৈ সাই। "আমি কখনোই ভাবিনি যে এতটা আত্মবিশ্বাসের সাথে আপনাদের সামনে দাঁড়িয়ে কথা বলবো। আমার মধ্যে এই আত্মবিশ্বাস এনে দেয়ার জন্য আর মন খুলে কথা বলার পরিবেশ নিশ্চিত করে দেয়ার জন্য আমি ওয়াইসিসিকে ধন্যবাদ জানাই।"

ওয়াইসিসি ইয়ুথ কনজারভেশন নেটওয়ার্কের নেতৃত্ব দিচ্ছেন মোহাম্মদ মুসা। বর্তমানে ফিল্ড কো-অরডিনেটর হিসেবে চাকুরিরত আছেন কক্সবাজারের একাডেমি অফ ইনফরমেশন টেকনোলজি (এআইটি)-তে। মুসার সুদক্ষ নেতৃত্বে ইয়ুথ কনজারভেশন নেটওয়ার্কের সদস্যরা কক্সবাজারের বিভিন্ন স্কুল ও এলাকায় কমিউনিটি অ্যাকশন প্রকল্প বাস্তবায়ন করছে।

"প্রশিক্ষণ থেকে আমরা যা শিখেছি, সেই শিক্ষা ও সচেতনতা আমাদের আশপাশের শিশু এবং যুবকদের সাথে ভাগ করে নিচ্ছি আমি ও আমার সঙ্গীরা। এই কাজে নেতৃত্ব দিতে পারা আমার জন্য এক দারুণ অভিজ্ঞতা," বলেন মুসা।



For more information about YCC

info@compass-bd.org +8801872572661 www.usfsbd.org

**DISCLAIMER:** This product is made possible by the support of the American People through the United States Agency for International Development (USAID). The contents of this report are the sole responsibility of Compass and do not necessarily reflect the views of USAID, U.S. Forest Service or the United States Government.